

আপনার GP (সাধারণ চিকিৎসক) যদি আপনাকে একজন বিশেষজ্ঞের কাছে রেফার করে থাকেন, তাহলে সাধারণত আপনি কোন হাসপাতালে যাবেন তা বেছে নেওয়ার অধিকার আপনার আছে।

আপনি আপনার এলাকায়- বা চাইলে আরো দূরে একটি হাসপাতাল বেছে নিতে পারেন। আপনি একটি স্বাধীন হাসপাতালও বেছে নিতে পারেন যদি এটি NHS-এর জন্য পরিষেবা দেয়।

আপনার হাসপাতাল বেছে নেওয়ার অধিকার আপনার আছে, কিন্তু আপনি চাইলে, সিদ্ধান্ত নিতে সাহায্য পাওয়ার জন্য আপনার GP-কে জিজ্ঞাসা করতে পারেন।

বেছে নেওয়ার উপযোগিতা

আপনার পরিচর্যার জন্য কোথায় যাবেন তা বেছে নেওয়া আপনার কাছে গুরুত্বপূর্ণ বিষয়গুলির উপর ভিত্তি করে আপনার স্বাস্থ্য ও পরিচর্যা সম্পর্কিত সিদ্ধান্তগুলি নিতে আপনাকে সাহায্য করে। এর অন্তর্ভুক্ত হতে পারে:

- **অপেক্ষার সময়** - আপনি আপনার এলাকার বাইরে একটি হাসপাতাল বেছে নিতে পারেন যদি তারা আপনাকে তাড়াতাড়ি দেখতে পারে।
- **সুবিধা** - আপনি যেখানে বাস করেন বা কাজ করেন তার কাছে একটি হাসপাতাল বেছে নিতে পারেন যদি অ্যাপয়েন্টমেন্টগুলিতে উপস্থিত থাকা বেশি সহজ হয়।
- **পরিবার বা বন্ধুদের কাছাকাছি** - আপনি আপনার পরিবার বা বন্ধুদের কাছাকাছি একটি হাসপাতাল বেছে নিতে পারেন যাতে চিকিৎসা এবং সেরে ওঠার সময়ে তারা আপনাকে সহায়তা করতে পারেন।
- **সুপারিশ** - আপনি গুণমানের রেটিং, পর্যালোচনা, ব্যক্তিগত অভিজ্ঞতা এবং সুপারিশের উপর ভিত্তি করে একটি হাসপাতাল বেছে নিতে পারেন।

রোগীর পছন্দ (Patient Choice) কীভাবে কাজ করে

ধাপ 1:

আপনার একটি স্বাস্থ্য সংক্রান্ত উদ্বেগ আছে এবং একজন GP-র কাছে যান, যিনি আপনাকে একজন বিশেষজ্ঞকে দেখানোর পরামর্শ দেন। আপনার GP আপনার এবং আপনার রোগাবস্থার জন্য উপযুক্ত একটি পরিষেবার সন্ধান করেন।

ধাপ 2:

আপনার GP প্র্যাক্টিস আপনার রোগাবস্থা এবং আপনার কাছে কী গুরুত্বপূর্ণ তার উপর ভিত্তি করে উপযুক্ত প্রদানকারীদের একটি সংক্ষিপ্ত তালিকা তৈরি করতে আপনাকে সাহায্য করবেন। যদি আপনার ইতিমধ্যেই জানা থাকে যে আপনি কোথায় যেতে চান তাহলে আপনার GP প্র্যাক্টিস আপনাকে অবিলম্বে রেফার করতে পারেন। আপনি যদি সিদ্ধান্ত নেওয়ার জন্য বেশি সময় নিতে চান, তাহলে আপনার GP প্র্যাক্টিস আপনাকে একটি চিঠি দেবেন, অথবা একটি ওয়েবসাইটের লিঙ্ক সহ একটি ইমেল বা টেক্সট পাঠাবেন, যেখান থেকে আপনি বেছে নিতে পারেন এবং পরে নিশ্চিত করতে পারেন।

রোগীর
পছন্দ

আপনার
হাসপাতাল
বেছে নেওয়া

ধাপ 3:

- আপনার কাছে আপনার GP প্র্যাক্টিসের থেকে পাওয়া একটি লিঙ্ক থাকলে, আপনি অনলাইনে আপনার পছন্দ বেছে নিতে পারেন
- বা আপনি NHS অ্যাপ ব্যবহার করার সিদ্ধান্ত নিতে পারেন
- বা আপনি **0345 608 8888** নম্বরে ন্যাশনাল রেফারাল হেল্পলাইনে (**National Referral Helpline**) ফোন করতে পারেন।

ধাপ 4:

যদি আপনার বেছে নেওয়া হাসপাতালে অনলাইনে অ্যাপয়েন্টমেন্ট উপলব্ধ না থাকে তাহলে একটি অ্যাপয়েন্টমেন্টের তারিখ ও সময় উপলব্ধ হলে আপনার বেছে নেওয়া হাসপাতালটি তা জানাতে আপনার সাথে সরাসরি যোগাযোগ করবে।

আপনার হাসপাতাল বেছে নেওয়ার সময় এটি মনে রাখা গুরুত্বপূর্ণ যে বেশ কয়েকটি অ্যাপয়েন্টমেন্টে আপনার উপস্থিত থাকার প্রয়োজন হতে পারে।

আরো তথ্যের জন্য কোথায় যাবেন

রোগীর পছন্দ (Patient Choice) সম্পর্কে আরো জানতে, QR কোডটি ব্যবহার করুন বা দেখুন: www.nhs.uk/patientchoice



আপনি www.myplannedcare.nhs.uk এ দেওয়া অপেক্ষার সময়গুলি এবং কেয়ার কোয়ালিটি কমিশনের (**Care Quality Commission**) রেটিং অনুসারে ইংল্যান্ড জুড়ে হাসপাতালগুলির মধ্যে তুলনা করতে পারেন।

ওয়েবসাইটটিতে NHS প্রদানকারী এবং যে স্বাধীন সেক্টরের স্বাস্থ্য প্রতিষ্ঠানগুলি NHS পরিষেবা প্রদান করে সেগুলি সম্পর্কে তথ্য থাকে।

আপনার যদি ইন্টারনেটে অ্যাক্সেস না থাকে তাহলে আপনি আপনার হাসপাতাল বেছে নেওয়া এবং নিশ্চিত করার ব্যাপারে সাহায্যের জন্য **0345 608 8888** নম্বরে ন্যাশনাল রেফারাল হেল্পলাইনে (**National Referral Helpline**) ফোন করতে পারেন।